# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস

President

## বিশেষ একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ০১ জানুয়ারী ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সভার প্রথমে নবগঠিত সভাপতি পূর্বের সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মেজর মোঃ সিরাজুল আরেফিন পবিত্র কোরান তেলাওয়াত করার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন।

| সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| আলোচ্যসূচী - ১ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের বিভিন্ন কার্য সম্পাদনের জন্য সাব-কমিটি গঠনের ব্যাপারে আলোচনা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস এর বিভিন্ন কার্য সম্পাদন করার জন্য প্রয়োজন অনুযায়ী সাব-কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| আলোচ্যসূচী - ২ ঃ ২৬ লক্ষ টাকা ব্যায়ে স্থাপিত সেনাবাহিনীর রাস্তায় বাতি না জ্বলা প্রসঙ্গে আলোচনা করা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা বিকল্প রাস্তা ও স্কুল গেইট হতে স্টাফ রোড পর্যন্ত স্ট্রিট লাইটের বাতি যাহাতে জ্বলে সে ব্যাপারে মাননীয় সেনাপ্রধান/কিউএমজি মহোদয়ের মাধ্যম প্রচেষ্ঠা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| আলোচ্যসূচী - ৩ ঃ বারিধারা ডিওএইচএস যানজট নিরশনের জন্য ট্রাফিক নীতিমালার কিছু পরিবর্তন আনার ব্যাপারে আলোচনা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা গেট রাত ১২ টার পর বন্ধ থাকবে এবং স্কুল গেট থেকে ট্রানজিট ক্যাম্পের সড়কটি রাত ১০.৩০ মিনিট থেকে প্রবেশ ও বের হওয়ার জন্য ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০.৩০ মিনিট হতে স্টীকার যুক্ত ও প্রকৃত ভিজিটর প্রবেশ করতে পারবে এ ব্যাপারে সকলে একমত পোষন করেন। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| আলোচ্যসূচী - ৪ ঃ বারিধারা ডিওএইচএস এর সমস্ত এলাকা ও সকল ম্যানহৌল পরিস্কার করার ব্যাপারে আলোচনা করা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস এর পরিবেশ যাতে দূষিত না হয় এ ব্যাপারে বারিধারা ডিওএইচএস এলাকা ও এলাকার সব ম্যানহৌল পরিস্কার করার বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| আলোচ্যসূচী - ৫ ঃ বারিধারা ডিওএইচএস এর সকল প্রকার অননুমোদিত দোকান বন্ধ করার ব্যাপারে আলোচনা করা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস একটি আবাসিক এলাকা। তাই এলাকার পরিবেশ সংরক্ষন ও সার্বিক নিরাপত্তার জন্য সকল প্রকার অননুমোদিত দোকান পাট উচ্ছেদ করার সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে ক্যান্ট বোর্ডের সহায়তা গ্রহন করা হবে। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| আলোচ্যসূচী - ৬ ঃ বারিধারা ডিওএইচএস জামে মসজিদে দূর থেকে স্পষ্ট আজান শোনার ব্যবস্থা করণ প্রসঙ্গে আলোচনা করা হয়। | |
| সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস জামে মসজিদের আজান দূর থেকে স্পষ্ট শোনা যায় না। এ বিষয়ে স্পষ্ট আজানের ব্যাপারে মসজিদ সাব-কমিটিকে সঠিক সিদ্ধান্ত গ্রহন করত: ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | মসজিদ সাব-কমিটি |

| | |
|---|---|
| <u>আলোচ্যসূচী - ৭ ঃ</u> গত ২ বছরে কোন ওয়াকিটকি সেট ক্রয় করা হয় নাই । পুরাতন গুলো বর্তমানে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় বিভিন্ন নিরাপত্তা চৌকি ও সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে দ্রুত যোগাযোগের জন্য প্রয়োজনীয় সংখ্যক ওয়ারলেস সেট ক্রয়ের ব্যাপারে আলোচনা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> ডিওএইচএস পরিষদ এলাকার নিরাপত্তা জোরদার করার জন্য প্রয়োজনীয় সংখ্যক ওয়ারলেস সেট ক্রয় কমিটির মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| <u>আলোচ্যসূচী - ৮ ঃ</u> নিরাপত্তা জোরদার করার জন্য মানসম্মত সিকিউরিটি গার্ড নিয়োগ/ পরিষদের সকল কর্মকর্তা/ কর্মচারী, অফিস,সিকিউরিটি, মসজিদ ও কঞ্জরাভেন্সী স্টাফদের বেতন বৃদ্ধির ব্যাপারে আলোচনা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> সিকিউরিটি গার্ড নিয়োগের ব্যাপারে পেপারে বিজ্ঞপ্তি দেওয়া ও পরিষদের সকল কর্মকর্তা/ কর্মচারী, অফিস, সিকিউরিটি স্টাফ, মসজিদ ও কঞ্জরাভেন্সী স্টাফদের বেতন বৃদ্ধির সিদ্ধান্ত হয় এবং কমিটি নির্ধারণ করে বেতন স্কেল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| <u>আলোচ্যসূচী - ৯ ঃ</u> বারিধারা ডিওএইচএস এর বাসিন্দাগণ যাতে মশার উপদ্রব্য থেকে রক্ষা পায় তার জন্য মশা নিধন কার্যক্রম সুফল করার জন্য ফগার মেশিন ও স্প্রে মেশিন ক্রয় করার ব্যাপারে আলোচনা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> সভায় নতুন ফগার মেশিন ও স্প্রে মেশিন ক্রয় কমিটির মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| <u>আলোচ্যসূচী - ১০ ঃ</u> বারিধারা ডিওএইচএস পরিষদ অফিসের নিয়োগকৃত এ্যাডমিন অফিসার অব্যাহতি প্রদানের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। | |
| <u>সিদ্ধান্তঃ</u> বর্তমান এ্যাডমিন অফিসারকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করার ব্যাপারে সকল সদস্য একমত পোষন করেন। পরবর্তীতে প্রয়োজন হলে একজন তরুন কর্মকর্তা নিয়োগ দেয়া যেতে পারে এ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| <u>আলোচ্যসূচী - ১১ ঃ</u> বারিধারা ডিওএইচএস পরিষদের কনভেনশন সেন্টার সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> 'কনভেনশন সেন্টার' ক্যান্টনমেন্ট বোর্ড থেকে পরিষদ অফিসের কাছে হস্তান্তর করার ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডকে চিঠি ইস্যু করার সিদ্ধান্ত হয়। | সেক্রেটারী |
| <u>আলোচ্যসূচী - ১২ ঃ</u> ট্রাফিক নিয়ন্ত্রনের জন্য নির্দেশিকা বোর্ড তৈরির বিষয়ে আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> বারিধারা ডিওএইচএস এলাকার সার্বিক নিরাপত্তার কথা বিবেচনা করে নির্দেশিকা বোর্ড তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| <u>আলোচ্যসূচী - ১৩ ঃ</u> যানজট নিরসনে অফিসের গাড়ী রাস্তায় পার্কিং না করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> বারিধারা ডিওএইচএস এলাকায় যানজট নিরসন কল্পে ডিওএইচএস এলাকায় অবস্থিত অফিসের গাড়ী সমূহ রাস্তায় যাতে পার্কিং করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| <u>আলোচ্যসূচী - ১৪ ঃ</u> মালী-ঝাড়ুদারদের মাধ্যমে আগাছা পরিস্কার করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্ত ঃ</u> পরিষদের মালী/ঝাড়ুদার ও অতিরিক্ত শ্রমিক নিয়োগের মাধ্যমে সকল বাড়ীর সামনের ও আসে পাশের ময়লা আর্বজনা ও আগাছা পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে বাড়ীর মালিক বাড়ীর সামনে ও পার্শ্ববর্তী এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| **আলোচ্যসূচী- ১৫ ঃ** স্কুল গেইট ও অনন্যা গেইট তৈরি করা এবং পকেট গেট তৈরির বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এর স্কুল ও অনন্যা পয়েন্টে পকেট গেট ও পাল্লাসহ ২টি সুন্দর গেইট তৈরির ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ করার ব্যাপারে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। | সেক্রেটারী /মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী- ১৬ ঃ** বারিধারা ডিওএইচএস আবাসিক পোষা প্রাণী লালন পালন না করার বিষয়ে আলোচনা করা। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস আবাসিক এলাকায় পোষা কুকুর বাড়ীর বাইরে না আনার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় । | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী- ১৭ ঃ** বাড়ী/ফ্ল্যাট মালিক, ভাড়াটিয়া প্রতি ফ্ল্যাট , নির্মাতা বাড়ী/ফ্ল্যাট ও অফিস ভাড়া নির্ধারণ করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** সভায় বারিধারা ডিওএইচএস এলাকার বাড়ী/ফ্ল্যাট মালিক, ভাড়াটিয়া প্রতি ফ্ল্যাট , নির্মাতা বাড়ী/ফ্ল্যাট ও অফিস ভাড়া সাব্‌সক্রিপশন এর ব্যাপারে পূর্বের সিদ্ধান্ত বলবৎ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেজারার |
| **আলোচ্যসূচী - ১৮ ঃ** ওয়াসা কর্তৃক ডিওএইচএস এলাকার ক্ষতিগ্রস্ত রাস্তা সমূহ মেরামত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** ডিজিটাল পদ্ধতিতে ডিওএইচএস এলাকার পানির লাইন সংস্কার করার সময় ক্ষতিগ্রস্ত রাস্তা সমূহ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচী - ১৯ ঃ** ডিওএইচএস ভিতরে হর্ণ না বাজানো এবং জেনারেটরের অত্যাধিক শব্দ না হওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় অনর্থক হর্ণ না বাজানো ও জেনারেটরের অত্যধিক শব্দ না হওয়ার বিষয়ে এলাকাবাসীকে জ্ঞাত করণ এবং ড্রাইভারকে মালিক কর্তৃক নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী - ২০ ঃ** ডিওএইচএস এলাকায় পুলিশ কর্তৃক পেট্রোল ডিউটির ব্যবস্থা করার জন্য সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস আবাসিক এলাকায় পুলিশের মাধ্যমে পেট্রোল ডিউটি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচসূচী - ২১ ঃ** ডিওএইচএস এর পুকুর সুষ্ঠুভাবে পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এর পুকুর সুষ্ঠ ব্যবস্থাপনা আনয়নের নিমিত্তে একটি কমিটি গঠন করা হয় তা নিম্নরুপঃ<br>সভাপতি ঃ লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম- ট্রেজারার<br>সদস্য-১ ঃ কর্ণেল এসএম ফয়সাল<br>সদস্য-২ ঃ জনাব মোস্তফা কামাল<br>সদস-৩ ঃ কর্ণেল সহিদুল হক<br>সদস-৪ ঃ লেঃ কর্ণেল দেলোয়ার হোসেন<br>সদস্য সচিব ঃ কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি | সমজিদ সাব-কমিটি |
| **আলোচ্যসূচী - ২২ ঃ** ডিওএইচএস এলাকায় ভিক্ষুক নিয়ন্ত্রণ করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস আবাসিক এলাকায় শুধু মাত্র শুক্রবারে দুপুর ১২টা হতে বিকাল ২-৩০ মিনিট পর্যন্ত মসজিদ এলাকায় ভিক্ষুক কর্তৃক ভিক্ষা করার অনুমতি দেয়া হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| **আলোচ্যসূচী - ২৩ ঃ** ওয়ান স্টপ সার্ভিস চালু করনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকাবাসীর সার্বিক সুবিধার্থে ডিওএইচএস এলাকার ৫ নং সড়কের পশ্চিম প্রান্তে পুকুর পাড়ের খালি জায়গায় ওয়ান স্টপ সার্ভিস চালু করার জন্য বিল্ডিং দ্রুত নির্মাণ কাজ করার বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেভলপমেন্ট মেনটেনেন্স সাব-কমিটি |
| **আলোচ্যসূচী - ২৪ ঃ** পুকুর ও খাল পাড়ের সৌন্দর্য বর্ধন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এর পুকুর পাড় ও খাল পাড়ের সৌন্দর্য বর্ধনের নিমিত্তে আগাছা পরিষ্কার করে বিভিন্ন প্রজাতির ফুলের গাছ ও অন্যান্য গাছ লাগানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক ল্যান্ড স্কাপিং সাব-কমিটি |
| **আলোচ্যসূচী - ২৫ ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন স্থানের অপ্রয়োজনীয় বাগান অপসারণ করণ। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার অপ্রয়োজনীয় বাগান সমূহ অপসারনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক ল্যান্ড স্কাপিং সাব-কমিটি |
| **আলোচ্যসূচী - ২৬ ঃ** ডিওএইচএস এর ভিতরে পৃথক ভাবে ব্যায়ামাগার স্থাপন করণ। | |
| **সিদ্ধান্ত ঃ** ডিওএইচএস এলাকার পুকুর পাড়ের উত্তর প্রান্তে শরীর চর্চা করার জন্য একটি নির্দিষ্ট স্থান থাকলেও সেখানে মহিলাদের শরীর চর্চা করার আলাদাভাবে কোন ব্যবস্থা নেই। উক্ত সমস্যা সমাধান কল্পে পৃথক ভাবে পুরুষ ও মহিলাদের জন্য টয়লেট সহ ব্যায়ামাগার স্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | স্পোর্টস্ এন্ড কালচারাল সাব-কমিটি |
| **আলোচ্যসূচী - ২৭ ঃ** পরিষদের একজিকিউটিভ কমিটি মিটিং এর দিন নির্ধারন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস পরিষদের একজিকিউটিভ কমিটি মিটিং প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহের বুধবারে মাগরিবের নামাজের পর অনুষ্ঠিত হওয়ার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচী - ২৮ ঃ** বারিধারা ডিওএইচএস এর অভ্যন্তরের ময়লা পরিষ্কার ও ডাস্টবিন স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এর বিদ্যমান গারভেজ পয়েন্টটিকে আরও উন্নত করে স্বাস্থ্যসম্মত ভাবে ব্যবহার করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক হেল্থ এন্ড হাইজিন মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী - ২৯ ঃ** নিরপত্তা প্রহরীদের জন্য পানি, টয়লেট ও বিদ্যুৎ সুবিধাসহ গার্ডরুম নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** নিরপত্তা প্রহরীদের জন্য পানি, টয়লেট ও বিদ্যুৎ সুবিধাসহ গার্ডরুম নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী - ৩০ ঃ** বারিধারা ডিওএইচএস এ যানবাহন চলাচলের জন্য গাড়ীর ষ্টিকার তৈরী করার বিষয়ে আলোচনা করা হয় । | |
| **সিদ্ধান্ত ঃ** তৈরীকৃত গাড়ীর স্টীকার সমূহ আকারে ছোট এবং মানসম্মত না হওয়ায় পুণঃরায় মানসম্মতভাবে নতুন ষ্টিকার তৈরী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এ্যান্ড এ্যাডমিন |
| **আলোচ্যসূচী - ৩১ ঃ** ২৫শে জানুয়ারী ২০১৩ তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারন সভা পরবর্তীতে সুবিধাজনক সময়ে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচী - ৩২ ঃ** ডিওএইচএস এর অভ্যন্তরে ২টি অভিযোগ ও পরামর্শ বাক্স স্থাপন করার ব্যাপারে আলোচনা করা হয় । | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার জনগণের সুবিধার্থে ডিওএইচএস এর মসজিদ সংলগ্ন এবং পরিষদ অফিসের সম্মূর্খে দুইটি স্থানে দুইটি অভিযোগ ও পরামর্শ বাক্স স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচী- ৩৩ঃ** বারিধারা ডিওএইচএস এলাকাবাসীগণের ব্যাংকিং লেনদেনের সুবিধার্থে একটি বানিজ্যক ব্যাংকের স্থায়ী শাখা স্থাপনের বিষয়ে আলোচরা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকাবাসীগণের সুবিধার্থে ডিওএইচএস এর অভ্যন্তরে একটি ব্যাংক বুথ স্থাপন করা হয়েছে, যেখানে ইউটিলিটি ও অন্যান্য বিল গ্রহণ করা হয়। বারিধারা ডিওএইচএস এর সম্মানিত এলাকাবাসীর ব্যাংককিং লেনদেনের সুবিধার জন্য ট্রাষ্ট ব্যাংকের বা বাণিজ্যিক ব্যাংকের একটি স্থায়ী শাখা কনভেনশন সেন্টারে স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচী- ৩৪ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার বাসিন্দাগণের সুবিধার্থে ট্রানজিট ক্যাম্পের সামনে বি,আর,টি,সি একটি বাস স্ট্যান্ড স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | |
| **সিদ্ধান্ত ঃ** বারিধারা ডিওএইচএস এলাকার বাসিন্দাগণের যাতায়াতের সুবিধার্থে ট্রানজিট ক্যাম্পের সামনে বি,আর,টি,সি একটি বাস স্ট্যান্ড স্থাপনের জন্য এবং এ ব্যাপারে বি,আর,টি,সি কর্তৃপক্ষকে চিঠি ইস্যু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য